দৈনিক সংবাদ

তারিখ ... 13 AUG 1991
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৭

২২

91

### শিক্ষা সংগ্রাম কমিটি

## ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবীতে স্পীকারের কাছে স্মারকলিপি পেশ

( বিশ্ববিদ্যালয় সংবাদদাতা )

অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়া ও সন্ত্রাস বন্ধের কার্যকর রাজনৈতিক সমাধানের দাবীতে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা সংগ্রাম কমিটি গতকাল সোমবার জাতীয় সংসদের স্পীকারের কাছে স্মারকলিপি পেশ করে।

এ উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশ থেকে একটি বিক্ষোভ মিছিল শুরু হয়। মিছিলটি বাংলা মোটরের কাছে

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ পৃঃ ৮ কঃ ২

## ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ খুলে দেয়ার দাবী

( ১ম পাতার পর )

পৌঁছলে পুলিশ মিছিলের গতিরোধ করে। পুলিশের বাঁধার মুখে বাংলা মোটরে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে স্মারকলিপি পাঠ করেন আহমেদ শাহীন জুয়েল। বক্তব্য রাখেন জেনাবুল ইসলাম বাবু। সমাবেশ শেষে আহমেদ শাহীন জুয়েল, জেনাবুল ইসলাম বাবু, খায়রুল ইসলাম চৌধুরী রূপম, আহাদ আহম্মদ, তৌহিদ ওমর প্রমুখ সমন্বয়ে একটি প্রতিনিধিদল সংসদ ভবনে স্পীকারের সাথে সাক্ষাৎ করে এবং স্মারকলিপি পেশ করে।

### ছাত্র ইউনিয়ন

শিক্ষাঙ্গনে ক্রমবর্ধমান সন্ত্রাসের প্রতিবাদে, বন্ধ ঘোষিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ অবিলম্বে খুলে দেয়া ও অস্ত্রধারী সন্ত্রাসীদের গ্রেফতারের দাবীতে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন আজ মঙ্গলবার অস্থায়ী রাষ্ট্রপতির কাছে স্মারকলিপি দেবে। এ উপলক্ষে সংগঠনের উদ্যোগে জাতীয় প্রেসক্লাবের সামনে আজ মঙ্গলবার সকাল ১০টায় সমাবেশ অনুষ্ঠিত হবে।

### শিক্ষক সমিতি

বাংলাদেশ কলেজ–বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ডঃ ম, আখতারুজ্জামান ও সাধারণ সম্পাদক অধ্যাপক গোলাম সামদানী কোরায়শী গতকাল এক বিবৃতিতে সারাদেশে এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিদ্যমান সন্ত্রাসীদের বিরুদ্ধে প্রচলিত আইনসমূহ সম্পূর্ণ প্রয়োগের জন্যে দাবী জানিয়েছেন।